# গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্প

ভূমি মন্ত্রণালয়
৩/এ, নীলক্ষেত, বাবুপুরা, ঢাকা-১২০৫।

# প্রশিক্ষণ নির্দেশিকা



বাস্তবায়নে

## বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন
৫, কাওরান বাজার, ঢাকা।

# গুচ্ছগ্রাম-২য় পর্যায় (ক্লাইমেট ভিক্‌টিমস রিহ্যাবিলেটেশন প্রজেক্ট) প্রকল্প

## ভূমি মন্ত্রণালয়
## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্প সম্পূর্ণ বাংলাদেশ সরকারের অর্থায়নে পরিচালিত। সারা দেশে মোট ২৫৫০টি গুচ্ছগ্রামে ৫০,০০০টি নিঃস্ব, ভূমিহীন পরিবারকে পুনর্বাসন এবং তাদেরকে জ্ঞান, দক্ষতা বৃদ্ধি ও আয়বৃদ্ধিমূলক কর্মসূচী দ্বারা আত্মনির্ভরশীল জনগোষ্ঠী হিসেবে গড়ে তোলা প্রকল্পের মূল উদ্দেশ্য।
গৃহহীন পুনর্বাসনে গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্পটি বাংলাদেশ সরকার এর একটি অগ্রাধিকার প্রকল্প।

## প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট

৩/এ, নীলক্ষেত, বাবুপুরা
ঢাকা-১২০৫।
ফোন : ০২-৯৬১১২১৫
ফ্যাক্স : ০২-৯৬৬৪৪৭০
ই-মেইল : info@guchhogram.gov.bd
ওয়েবসাইট : www.guchhogram.gov.bd

## আঞ্চলিক ব্যবস্থাপনা ইউনিট সমূহ

(১) বরিশাল ডিভিশনাল রেভিনিউ কমপ্লেক্স
পোর্ট রোড, বরিশাল।
ফোন : ০৪৩১-৬১৪৬৪
ফ্যাক্স : ০৪৩১-২১৭৭৩৩৬
ই-মেইল: rpd.barishal@guchhogram.gov.bd

(২) বাড়ি নং-৬৭
দৌলত কমপ্লেক্স (২য় তলা)
রোড নং-১, গুপ্তপাড়া, রংপুর।
ফোন : ০৫২১-৫৫৪০৯
ফ্যাক্স : ০৫২১-৬৬৪০২
ই-মেইল: rpd.rangpur@guchhogram.gov.bd

## গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্পের উপকারভোগীদের প্রশিক্ষণ নীতিমালা।

গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্প গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অন্যতম দারিদ্র বিমোচন প্রকল্প। এ প্রকল্পের লক্ষ্য হচ্ছে বাংলাদেশের ৫০,০০০টি জলবায়ু দুর্গত ভূমিহীন, গৃহহীন, ছিন্নমূল পরিবারের জন্য জমি, বাসস্থান, প্রশিক্ষণ, ঋণ, স্বাস্থ্যসেবা, পরিবার পরিকল্পনা, আয়বর্ধক কার্যক্রম, বিশুদ্ধ খাবার পানির সংস্থান,যাতায়াত ব্যবস্থার উন্নয়ন ও বৃক্ষরোপনের সুবিধা প্রদান করে দারিদ্র বিমোচন করা। পুনর্বাসিত পরিবারবর্গ অনানুষ্ঠানিক দল গঠনের মাধ্যমে দলভুক্ত হবে এবং বিআরডিবি থেকে স্বীকৃতি গ্রহণ করতে হবে। দলের সদস্য ও তাদের পরিবারের প্রাপ্ত বয়স্ক সদস্যদেরকে বিভিন্ন আয়বর্ধক বিষয়ের উপর স্বল্প-মেয়াদী / দীর্ঘ-মেয়াদী প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সামাজিকভাবে সচেতন,স্বাবলম্বী ও দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলা হবে। ৩টি ধাপে মোট ৮দিনের প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে। প্রথম ধাপে ৩ দিন (১দিন ওরিয়েন্টেশন + ২ দিন দক্ষতা বৃদ্ধিমূলক), দ্বিতীয় ধাপে ৩ দিন দক্ষতা বৃদ্ধিমূলক এবং তৃতীয় ধাপে ২ দিন দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করতে হবে। প্রশিক্ষণের প্রতি ধাপে ন্যুনতম ২ মাস বিরতি দিতে হবে।

১. **প্রশিক্ষণের উদ্দেশ্যাবলী ঃ**

ক. 'গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি)' প্রকল্পের উপকারভোগীদের দক্ষ জনশক্তি ও স্বাবলম্বী হিসেবে গড়ে তোলা

খ. বেকারত্ব দূরীকরণ ও কর্ম-সংস্থান সৃষ্টি

গ. পুনর্বাসিতদের ক্ষমতায়ন

ঘ. সামাজিক সচেতনতা বৃদ্ধি

ঙ. নেতৃত্ব বিকাশে সহায়তা প্রদান

চ. সঞ্চয়ের আগ্রহ সৃষ্টি ও মূলধন গঠনে সহায়তা প্রদান

ছ. প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা বিষয়ে সচেতনতা সৃষ্টি

জ. শিশুদের প্রতিরোধযোগ্য মারাত্মক রোগব্যাধি, তা প্রতিরোধের বিভিন্ন টিকা এবং অন্যান্য বিষয়ে সচেতনতা সৃষ্টি

ঝ. বৃক্ষরোপনের প্রয়োজনীয়তা এবং সুষ্ঠ পরিবেশ রক্ষা সম্পর্কে সচেতনতা সৃষ্টি

ঞ. প্রাপ্তবয়স্কদের আয়বর্ধক কর্মকান্ডে সম্পৃক্তকরণের মাধ্যমে আত্মকর্মসংস্থানে উদ্বুদ্ধ করা

ট. পুনর্বাসিতদের পরিবার কল্যাণ, জনসংখ্যা বৃদ্ধির কুফল ও পরিবারের সদস্য সংখ্যা সীমিত পর্যায়ে রাখার ব্যাপারে সচেতনতা সৃষ্টি

ঠ. সক্ষম দম্পতিদের পরিবার পরিকল্পনার বিভিন্ন পদ্ধতি গ্রহণে উদ্বুদ্ধকরণ ও পুনর্বাসিতদের জনসংখ্যা নিয়ন্ত্রণ

ড. পুনর্বাসিতদের সংগঠিতকরণ, সংগঠন ব্যবস্থাপনা ও পরিচালনা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষিত করা

ঢ. বায়োগ্যাস/ বিকল্প জ্বালানী ও পরিবেশ বিষয়ে প্রশিক্ষণ প্রদান

ণ. সকল শিশুর (৬-১১ বছর) বিদ্যালয় গমন নিশ্চিতকরণ এবং বয়স্ক শিক্ষার মাধ্যমে নিরক্ষরতা দূরীকরণ।

ত. নারীর ক্ষমতায়ন।

২. **কৌশল/কার্যক্রম ঃ**

বর্ণিত উদ্দেশ্যাবলী বাস্তবায়নে নিম্নবর্ণিত কৌশল/কার্যক্রম গ্রহণ করা হবেঃ

ক. 'গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি)' প্রকল্প এলাকায়/গ্রামে পুনর্বাসিত পরিবারবর্গের প্রাপ্তবয়স্ক মহিলা ও পুরুষ সদস্যদের প্রশিক্ষণ প্রদানের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের মাধ্যমে প্রশিক্ষণার্থীর তালিকা প্রস্তুত করা হবে। পর্যায়ক্রমে ১০,০০০ পরিবারের প্রাপ্ত বয়স্ক ২ জন (১ জন পুরুষ ও ১ জন মহিলা) সদস্যকে প্রশিক্ষণ প্রদান করা হবে।

খ. প্রশিক্ষণার্থীর শিক্ষাগত যোগ্যতা, বয়স ও পূর্বের পেশাগত অভিজ্ঞতা এবং স্থানীয় প্রয়োজন ইত্যাদি বিবেচনা করে প্রশিক্ষণের বিষয় চূড়ান্ত করা হবে।

গ. প্রশিক্ষণ বিষয়ের ব্যাপ্তি ও গুরুত্বানুসারে প্রশিক্ষণের মেয়াদ নির্ধারণ করা হবে।

ঘ. উপজেলা সমন্বয় কমিটির অনুমোদন সাপেক্ষে পুনর্বাসিত পরিবারবর্গের নির্বাচিত সদস্যদের প্রশিক্ষণ কোর্স পরিচালিত হবে এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ৩নং ও ৪ নং অনুচ্ছেদে বর্ণিত প্রশিক্ষণ কোর্সের যথাক্রমে কোর্স পরিচালক ও কোর্স সমন্বয়কের দায়িত্ব পালন করবেন ।

ঙ. প্রয়োজনে প্রশিক্ষণকে অধিকতর ফলপ্রসূ করার জন্য প্রকল্পে নিয়োজিত এবং প্রকল্পের সাথে সম্পৃক্ত বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা কর্মচারীবৃন্দের প্রশিক্ষণ, ওরিয়েন্টেশন কোর্স, সেমিনার ও কর্মশালার ব্যবস্থা করা হবে।

চ. প্রকল্পের উপকারভোগীদের কতিপয় সাধারণ বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য পুরুষ ও মহিলাদের যৌথ প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে।

ছ. দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণের ধরণ বিবেচনা করে প্রয়োজনীয় ক্ষেত্রে পুরুষ ও মহিলাদের আলাদা প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে।

জ. নিরক্ষরতা দূরীকরণের জন্য বয়স্ক শিক্ষার ব্যবস্থা করা হবে। এ ব্যাপারে যথাসম্ভব প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সহায়তা গ্রহণ করা হবে।

ঝ. 'গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি)' প্রকল্পের আওতায় পুনর্বাসিতদের পরিবার পরিকল্পনা বিষয়ে সচেতনতা সৃষ্টি ও বিভিন্ন পরিবার পরিকল্পনা পদ্ধতির সহায়তা প্রদান করা হবে।

ঞ. পুনর্বাসিত পরিবারবর্গের সদস্যদের প্রশিক্ষণোত্তর ঋণ প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

ট. উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণকে গুচ্ছগ্রাম (সিভিআরপি) প্রকল্পের প্রশিক্ষণ কর্মসূচীর উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে উপস্থিত থাকতে অনুরোধ যেতে পারে।

## ৩. ওরিয়েন্টশন কোর্সে প্রশিক্ষণের বিষয় ঃ

প্রকল্পের উপকারভোগীদের জন্য 'গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি)' প্রকল্পের উদ্দেশ্য এবং এর কার্যাবলী বিষয়ে ১(এক) দিনের ওরিয়েন্টেশন কোর্সের ব্যবস্থা করা হবে; উপজেলা সমন্বয় কমিটির মাধ্যমে উপজেলা পল্লী উন্নয়ন অফিসার এ প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করবেন। প্রশিক্ষণের বিষয়সমূহ নিম্নরূপঃ-

ক. 'গুচ্ছগ্রাম (সিভিআরপি)' প্রকল্প সম্পর্কে সম্যক ধারণা প্রদান
খ. গুচ্ছগ্রামে দল গঠন ও জীবনযাত্রার মানোন্নয়ন
গ. প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা
ঘ. প্রতিরোধযোগ্য রোগব্যাধি ও এর টিকাদান
ঙ. স্যানিটেশন
চ. পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ
ছ. ঋণ গ্রহণ, ব্যবহার ও পরিশোধ
জ. বৃক্ষরোপণ ও পরিচর্যা
ঝ. উন্নত চুলা ব্যবহার ও এর পরিচর্যা
ঞ. নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ
ট. ব্যবহারিক আইন সম্পর্কে সচেতনতা
ঠ. পরিবেশ উন্নয়ন সম্পর্কে সচেতনতা

## ৪. দক্ষতা উন্নয়নের জন্য প্যাকেজ ট্রেনিং প্রোগ্রামের বিষয় ঃ

সংশ্লিষ্ট উপজেলা পল্লী উন্নয়ন অফিসার কর্তৃক গঠিত গ্রুপগুলোকে বিভিন্ন দক্ষতা উন্নয়নের বিশেষ প্রশিক্ষণ প্রদান করা হবে। উপজেলা সমন্বয় কমিটির মাধ্যমে উপজেলা পল্লী উন্নয়ন অফিসার এ প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করবেন। প্রশিক্ষণের বিষয়সমূহ নিম্নরূপ:-

ক. পারিবারিক হাঁসমুরগী পালন ও খামার স্থাপন
খ. ছাগল পালন
গ. মৎস্য চাষ
ঘ. শাকসজি বাগান, ফলের বাগান ও তরকারী চাষ
ঙ. নার্সারী বিষয়ক
চ. বনায়ন বিষয়ক
ছ. চামড়ার কাজ বিষয়ক
জ. মৌমাছির চাষ
ঞ. রেশম / তুঁত চাষ
ট. বাঁশ ও বেতের কাজ
ঠ. হস্তশিল্প
ড. কুটিরশিল্প
ঢ. মৃৎশিল্প
ণ. সেলাই, পোশাক তৈরি ও দর্জির কাজ
ত. আচার / জ্যাম-জেলি প্রক্রিয়াকরণ
থ. রিকশা, বাই-সাইকেল ও ভ্যান গাড়ি মেরামত
দ. হোন্ডা মেরামত
ধ. ব্লক ও বাটিক প্রিন্টিং
ন. কনফেকশনারি বিষয়ক
প. শাড়ি ও পোশাকে নকশাঁ
ফ. ইলেক্ট্রিক ওয়ারিং
ব. পাটি বুনন
ভ. নকশী কাঁথা
ম. কাঠ ও স্টীলের আসবাবপত্র তৈরি ও বিক্রয়
য. ওয়েল্ডিং প্রশিক্ষণ
র. এগ্রো-ম্যাকানিকস
ল. গবাদি পশুর চামড়া বেচা-কেনা ব্যবসা সংক্রান্ত
শ. গ্রামীণ স্যানিটারী ল্যাট্রিন তৈরি
ষ. মৌসুমী ফলমূল ও শাক সজি ব্যবসা সংক্রান্ত
স. ফটোগ্রাফি
হ. নাপিতের কাজ বিষয়ক
ড়. ধোপার কাজ বিষয়ক।

উপরে উল্লিখিত বিষয় / পেশাসমূহ ছাড়াও স্থানীয় চাহিদার ভিত্তিতে যে কোন বিষয়ের উপর প্রশিক্ষণ দেয়া যেতে পারে।

## ৫. বেজলাইন সার্ভে ঃ

'গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি)' প্রকল্পে পুনর্বাসিতদের প্রশিক্ষণ ও আর্থ-সামাজিক কর্মসূচি গ্রহণের পূর্বে প্রকল্প এলাকায় বেজলাইন সার্ভে পরিচালনা করা হবে। সার্ভে রিপোর্টে প্রতিফলিত তথ্যাদির ভিত্তিতে উপজেলা সমন্বয় কমিটির সিদ্ধান্ত অনুসারে উপকারভোগী-দের জন্য বিভিন্ন কর্মসূচি / পরিকল্পনা গ্রহণ করতে হবে। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার তার কার্যালয়ের ব্যবস্থাপনায় বেজলাইন সার্ভে পরিচালনার ব্যবস্থা নিবেন। এতদসংক্রান্ত ব্যয় প্রকল্পের আর্থ-সামাজিক ফান্ড (আনুষাঙ্গিক) থেকে নির্বাহ করতে হবে। গুচ্ছগ্রাম এলাকা ও পুনর্বাসিত পরিবার এর তথ্যাদি দুই প্রস্থ সংগ্রহ করা হবে। এক প্রস্থ উপজেলা পর্যায়ে ব্যবহারের জন্য সংরক্ষণ করতে হবে ও এক প্রস্থ জাতীয় প্রকল্প পরিচালক, গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্প, ভূমি মন্ত্রণালয়, ৩/এ, নীলক্ষেত, বাবুপুরা ,ঢাকা-১২০৫-এর বরাবরে প্রেরণ করতে হবে।

## ৬. প্রশিক্ষণ বাজেট ঃ

স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুযায়ী বিআরডিবি বিশেষ প্যাকেজ প্রশিক্ষণের মডিউল ও প্রশিক্ষণ বাজেট প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট, গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্প,৩/এ নীলক্ষেত,বাবুপুরা,ঢাকা-১২০৫ বরাবরে প্রেরণ করবেন যা ভূমি মন্ত্রনালয়ের অনুমোদন সাপেক্ষে চূড়ান্ত হবে।

## ৭. প্রশিক্ষণ ভাতা ঃ

ক. প্রশিক্ষণার্থী ঃ ওরিয়েন্টেশন প্রোগ্রাম এবং বিশেষ প্রশিক্ষণ প্রোগ্রামে নির্বাচিত প্রশিক্ষণার্থীরা প্রশিক্ষণের দিনে কর্মহীন / আয়হীন থাকবেন বিধায় তাদের প্রত্যেককে প্রত্যেক প্রশিক্ষণ দিনের জন্য কমপক্ষে ২০০/- (দুই শত) টাকা করে বা অনুমোদিত বাজেটে বর্ণিত হারে দৈনিক ভাতা প্রদান করা হবে।

খ. প্রশিক্ষক ঃ প্রশিক্ষকদের প্রতি অধিবেশনের জন্য কমপক্ষে ৬০০/- (ছয় শত) টাকা হারে বা অনুমোদিত বাজেটে বর্ণিত হারে ভাতা প্রদান করা হবে। উপজেলা পর্যয়ের বিভিন্ন বিভাগের কর্মকর্তা/ট্রেডে অভিজ্ঞ কর্মচারীগণকে প্রশিক্ষক হিসেবে নিয়োগ করতে হবে। ক্ষেত্র বিশেষে বিষয়ভিত্তিক প্রশিক্ষণপ্রাপ্ত ও অভিজ্ঞ যে কোন ব্যাক্তিকেও প্রশিক্ষক হিসেবে নিয়োগ করা যেতে পারে। এ ক্ষেত্রে প্রশিক্ষকের শিক্ষাগত যোগ্যতার চেয়ে সংশ্লিষ্ট ট্রেডে তার দক্ষতাকে অধিক গুরুত্ব দিতে হবে।

গ. কোর্স সমন্বয়কারী (ইউআরডিও) ঃ প্রতিটি গুচ্ছগ্রামে ৩ ধাপ প্রশিক্ষণ সম্পন্ন করার জন্য কোর্স সমন্বয়কারী (উপজেলা পল্লী উন্নয়ন অফিসার) প্রতি পর্যায়ের জন্য ১,০০০/- টাকা করে মোট ৩,০০০/- (তিন হাজার) টাকা ভাতা পাবেন।

ঘ. কোর্স পরিচালক(ইউএনও)ঃ ৩ ধাপে প্রশিক্ষণ সম্পন্ন করার জন্য কোর্স পরিচালক (উপজেলা নির্বাহী অফিসার) প্রতি পর্যায়ের জন্য ১,৫০০/- টাকা করে মোট ৪,৫০০/-(চার হাজার পাঁচশত) টাকা ভাতা পাবেন ।

ঙ. রিফ্রেশমেন্ট ঃ প্রতি ব্যাচে প্রতিদিন প্রশিক্ষণার্থী রিফ্রেশমেন্ট হিসেবে সদস্যপ্রতি ২৫/- টাকা করে ব্যয় করা যাবে।

চ. প্রশিক্ষণ উপকরণ ঃ প্রতি ব্যাচে প্রশিক্ষণ উপকরণ সদস্যপ্রতি ২০/- টাকা করে ব্যয় করা যাবে।

ছ. আনুষাঙ্গিক ঃ বেজলাইন সার্ভে পরিচালনা, প্রকল্পের হিসাব সংরক্ষণের জন্য ক্যাশ বহি, সাধারণ খতিয়ান, সহায়ক খতিয়ান, মজুদ বহি, ফাইল বোর্ড, কভার, কাগজ, কলমসহ প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয় বাবদ প্রতি গুচ্ছগ্রামের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কার্যালয় সর্বোচ্চ ২০০০/- টাকা ব্যয় করতে পারবে।

জ. অন্যান্য ঃ কোন গুচ্ছগ্রামে ৩য় ধাপ প্রশিক্ষণ সম্পন্ন হওয়ার পর অব্যয়ীত অর্থ থাকলে তা গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্পের পূর্বানুমতিক্রমে ঐ গুচ্ছগ্রামের উপকারভোগীদের রিফ্রেশমেন্ট প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে ব্যয় করা যাবে।

## ৮. প্রশিক্ষণ স্থান ঃ

গুচ্ছগ্রাম প্রকল্প চত্বরে / মাল্টিপারপাস হলে প্রশিক্ষণ কোর্সের আয়োজন করতে হবে। যদি কোন কারণে প্রকল্প চত্বরে / মাল্টিপারপাস হলে প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা না যায় তবে প্রকল্পের নিকটস্থ কোন সুবিধাজনক স্থানে উপজেলা নির্বাহী অফিসার বিনামূল্যে প্রশিক্ষণ স্থানের ব্যবস্থা করবেন। প্রশিক্ষণ কোর্স পরিচালনা ও প্রয়োজনীয় ক্ষেত্রে প্রশিক্ষণ সামগ্রী ক্রয়ের জন্য আনুষাঙ্গিক ব্যয় বিআরডিবি বরাবরে দেয় আর্থ-সামজিক ফান্ড থেকে নির্বাহ করতে হবে ।

**৯. প্রশিক্ষণার্থী নির্বাচন ঃ**

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা প্রশিক্ষণ নীতিমালা অনুযায়ী প্রশিক্ষাণার্থী নির্বাচন করে উপজেলা সমন্বয় কমিটির অনুমোদনক্রমে প্রশিক্ষণার্থীর তালিকা চূড়ান্ত করবেন।

**১০. প্রশিক্ষণের মেয়াদ ঃ**

১(এক) দিনের ওরিয়েন্টেশন কোর্সের ব্যবস্থা সহ প্রশিক্ষণ বিষয়ের ব্যাপ্তি ও গুরুত্বানুসারে প্রশিক্ষণের মেয়াদ নির্ধারণ করতে হবে।

**১১. প্রশিক্ষণ ব্যয় ঃ**

প্রশিক্ষণ ভাতাসহ প্রশিক্ষণের যাবতীয় ব্যয় বিআরডিবি-এর অনুকূলে ছাড়কৃত আর্থ-সামাজিক তহবিল হতে নির্বাহ করা হবে।

**১২. প্রশিক্ষণ ব্যয়ের হিসাব ঃ**

প্রতিটি প্রশিক্ষণ কোর্স সমাপ্তির ১৫ দিনের মধ্যে উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ব্যয়ের হিসাব উপজেলা সমন্বয় কমিটির অনুমোদনক্রমে বিআরডিবি সদর দপ্তরে প্রেরণ করবেন এবং সভার কার্যবিবরণী সহ প্রশিক্ষণ সমাপ্তির একটি প্রতিবেদন যথাশীঘ্র জাতীয় প্রকল্প পরিচালক, গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্প, ভূমি মন্ত্রণালয়, ৩/এ, নীলক্ষেত, বাবুপুরা, ঢাকা-১২০৫-এর বরাবরে প্রেরণ করবেন।

**১৩. প্রশিক্ষণোত্তর মূল্যায়ন ঃ**

প্রতিটি প্রশিক্ষণ ক্লাস সমাপ্তির পর প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের মূল্যায়ন করবেন এবং উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার(ভূমি) ও উপজেলা পল্লী উন্নয়ন অফিসার এর তদারকী করবেন।

**১৪. প্রশিক্ষণোত্তর ঋণ কার্যক্রম বাস্তবায়ন ঃ**

১ম ধাপ প্রশিক্ষণ সমাপ্তির পর যথাশীঘ্র আয় বর্ধক কর্মকান্ড-এর জন্য স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুযায়ী বিআরডিবি কর্তৃক ঋণ কার্যক্রম বাস্তবায়ন করা হবে।

**১৫. উপজেলা সমন্বয় কমিটি ঃ**

উপজেলা সমন্বয় কমিটির গঠন নিম্নরূপ হবে-

| | | |
|---|---|---|
| ক. | উপজেলা নির্বাহী অফিসার | ঃ চেয়ারম্যান / সভাপতি |
| খ. | সহকারী কমিশনার (ভূমি) | ঃ সদস্য |
| গ. | উপজেলা কৃষি অফিসার | ঃ সদস্য |
| ঘ. | উপজেলা শিক্ষা অফিসার | ঃ সদস্য |
| ঙ. | উপজেলা সমাজসেবা অফিসার | ঃ সদস্য |
| চ. | উপজেলা সমবায় অফিসার | ঃ সদস্য |
| ছ. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | ঃ সদস্য |
| জ. | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান | ঃ সদস্য |
| ঝ. | সুবিধাভোগী প্রতিনিধি (ইউএনও কর্তৃক মনোনীত) | ঃ সদস্য |
| ঞ. | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা | ঃ সদস্য |
| ট. | উপজেলা মৎস্য কর্মকর্তা | ঃ সদস্য |
| ঠ. | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার | ঃ সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

ক. ওরিয়েন্টেশনসহ প্রশিক্ষণের ব্যবস্থা করা (তারিখ,সময় ও স্থানসহ)
খ. স্থানীয় চাহিদা অনুযায়ী আয়বর্ধনমূলক প্রশিক্ষণের বিষয় অনুমোদন করা
গ. ট্রেড ভিত্তিক প্রশিক্ষণার্থীর তালিকা চূড়ান্ত করা
ঘ. প্রশিক্ষকদের তালিকা অনুমোদন করা
ঙ. প্রশিক্ষণের অগ্রগতি পর্যালোচনা করা ও প্রশিক্ষণোত্তর মূল্যায়ন করা
চ. প্রশিক্ষণের ব্যয় অনুমোদন করা
ছ. প্রশিক্ষণপ্রাপ্ত সুবিধাভোগীদের মধ্যে ঋণ বিতরণ ও আদায়ের কার্যক্রম পর্যালোচনা করা
জ. প্রতি ২(দুই) মাসে কমপক্ষে একবার সভায় মিলিত হওয়া।

**১৬. বিবিধঃ**

এ নীতিতে কোন অসংগতি পরিলক্ষিত হলে প্রকল্প কর্তৃপক্ষ,গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি),৩/এ,নীলক্ষেত, বাবুপুরা, ঢাকা-১২০৫ কে অবহিত করতে হবে। ভূমি মন্ত্রণালয়ের পরামর্শক্রমে প্রকল্প কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

## গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্পে পুনর্বাসিত পরিবারের সদস্যদের প্রশিক্ষণ ব্যয় এর খাতওয়ারী বিভাজন

### ৩০ পরিবারের/ ৬০ সদস্যের একটি গুচ্ছগ্রামে ২ টি ব্যাচ হিসেবে

| ক্রমিক নং | খাত | পরিবার | প্রশিক্ষনার্থী | বিবরণ | মোট ব্যায় | বরাদ্দ | ব্যয় | অব্যয়িত |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | প্রশিক্ষনার্থী | ৩০ | ৬০ | ২০০ X ৬০ X ৮দিন | ৯৬,০০০/- | ১,৭০,১০০/- | ১,৬৯,১০০/- | ১,০০০/- |
| ২ | প্রশিক্ষক | | | ৬০০ X ৮ X ১০ | ৪,৮০০০/- | | | |
| ৩ | কোর্স পরিচালক (ইউএনও) | | | ১৫০০ X ৩ | ৪,৫০০/- | | | |
| ৪ | কোর্স সমন্বয়কারী (ইউআরডিও) | | | ১০০০ X ৩ | ৩,০০০/- | | | |
| ৫ | প্রশিক্ষণার্থী রিফ্রেশমেন্ট | | | ২৫ X ৬০ X ৮ | ১২,০০০/- | | | |
| ৬ | প্রশিক্ষণ উপকরণ | | | ২০ X ৬০ X ৩ | ৩,৬০০/- | | | |
| ৭ | স্টেশনারী (রেজিস্টার ফাইল) | | | | ২,০০০/- | | | |
| | মোট | | | | ১,৬৯,১০০/- | ১,৭০,১০০/- | ১,৬৯,১০০/- | ১,০০০/- |

### ৪০ পরিবারের/৮০ সদস্যের একটি গুচ্ছগ্রামে ২ টি ব্যাচ হিসেবে

| ক্রমিক নং | খাত | পরিবার | প্রশিক্ষনার্থী | বিবরণ | মোট ব্যায় | বরাদ্দ | ব্যয় | অব্যয়িত |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | প্রশিক্ষনার্থী | ৪০ | ৮০ | ২০০ X ৮০ X ৮ | ১,২৮,০০০/- | ২২৬৮০০/- | ২০৬৩০০/- | ২০,৫০০/- |
| ২ | প্রশিক্ষক | | | ৬০০ X ৮ X ১০ | ৪৮,০০০/- | | | |
| ৩ | কোর্স পরিচালক (ইউএনও) | | | ১,৫০০ X ৩ | ৪,৫০০/- | | | |
| ৪ | কোর্স সমন্বয়কারী (ইউআরডিও) | | | ১,০০০ X ৩ | ৩,০০০/- | | | |
| ৫ | প্রশিক্ষণার্থী রিফ্রেশমেন্ট | | | ২৫ X ৮০ X ৮ | ১৬,০০০/- | | | |
| ৬ | প্রশিক্ষণ উপকরণ | | | ২০ X ৮০ X ৩ | ৪,৮০০/- | | | |
| ৭ | স্টেশনারী (রেজিস্টার ফাইল) | | | | ২,০০০/- | | | |
| | মোট | | | | ২,০৬,৩০০/- | ২,২৬,৮০০/- | ২,০৬,৩০০/- | ২০,৫০০/- |

### ৫০ পরিবারের একটি গুচ্ছগ্রামে ১০০ জন উপকারভোগীর ক্ষেত্রে ৩ টি ব্যাচ হিসেবে প্রশিক্ষণ ব্যয়:

- প্রতি ব্যাচে ৩০ সদস্য করে ২ টি ব্যাচে ৬০ জনের প্রশিক্ষণ ব্যয় — ১,৬৯,১০০/- টাকা
- ৪০ সদস্যের জনের ১ টি ব্যাচে মোট প্রশিক্ষণ ব্যয় — ৯৮,৪০০/- টাকা।
- মোট ১০০ জন উপকারভোগীর প্রশিক্ষণ ব্যয় — ২,৬৭,৫০০/- টাকা।
- ৫০ পরিবারে প্রশিক্ষণের জন্য বরাদ্দ — ২,৮৩৫০০/- টাকা।
- অব্যয়িত অর্থ (২,৮৩,৫০০.০০ - ২, ৬৭, ৫০০.০০) — ১৬,০০০/- টাকা।
- প্রশিক্ষণ মেয়াদ প্রতি ৩ ধাপে (৩+৩+২) ৮ দিন
- ৪৫ পরিবারের জন্যও ৩টি ব্যাচে [ প্রতি ব্যাচে ৩০ পরিবার (৩০X২) ৬০ জন করে ] প্রশিক্ষণ দিতে হবে।
- প্রতি ব্যাচে প্রতিদিন সর্বোচ্চ ৫টি ক্লাস নিতে পারবে।

<u>গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্পে পুনর্বাসিত পরিবারের সদস্যদের প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়</u>

**প্রশিক্ষণে সদস্যদের ব্যাচ সংখ্যা**

* ৩০-৪০ পরিবারের একটি গুচ্ছগ্রামে দুইটি ব্যাচ হবে (১টি পুরুষ ও ১টি মহিলা ব্যাচ)
* ৫০ পরিবারের জন্য তিনটি ব্যাচ হবে (৩০ সদস্যের ১টি পুরুষ ও ১টি মহিলা ব্যাচ এবং ৪০ সদস্যের পুরুষ ও মহিলা সম্মিলিত ১টি ব্যাচ)
* ৪৫ পরিবারের জন্য তিনটি ব্যাচ হবে (৩০ সদস্যের ১টি পুরুষ ও ১টি মহিলা ব্যাচ এবং ৩০ সদস্যের পুরষ ও মহিলা সম্মিলিত ১টি ব্যাচ)
* ৬০-৭০ পরিবারের একটি গুচ্ছগ্রামে চারটি ব্যাচ হবে (২টি পুরুষ ও ২টি মহিলা ব্যাচ)
* প্রশিক্ষণে ব্যাচের বিভাজন হবে ৩০/৪০ সদস্যকে একক ধরে।

**প্রশিক্ষক ক্ষাতে অর্থ**

* প্রতিদিন প্রতি ব্যাচে সর্বোচ্ছ ৫টি ক্লাস নেয়া যাবে।
* প্রতি ক্লাসে প্রশিক্ষকের সম্মানী বাবদ ৬০০/- টাকা।
* প্রতি ব্যাচে ৮দিন প্রশিক্ষণে সর্বোচ্চ ৪০টি ক্লাস নেয়া যাবে।
* ৩০ পরিবারের ২টি ব্যাচে মোট ৮০টি ক্লাস নেয়া যাবে।
* প্রতি সদস্যের প্রশিক্ষণ ভাতা প্রতি দিন ২০০/- টাকা।

**৩০ পরিবারের/৬০ সদস্যের প্রশিক্ষণব্যয় এর বিভাজন**

| | |
|---|---|
| * ২ ব্যাচে ৬০ সদস্যের প্রশিক্ষণ ভাতা মোট | = ৯৬,০০০/- টাকা |
| * ২ ব্যাচে প্রশিক্ষক ভাতা মোট | = ৪৮,০০০/- টাকা |
| * ৩ ধাপে কোর্স পরিচালক এর সম্মানী ( ১৫০০ X ৩) | = ৪,৫০০/- টাকা |
| * ৩ ধাপে কোর্স সমন্বয়কারীর সম্মানী (১০০০ X ৩) | = ৩,০০০/- টাকা |
| * প্রশিক্ষণার্থী রিফ্রেশমেন্ট বাবদ ২৫ X ৬০ X ৮ | = ১২,০০০/- টাকা |
| * প্রশিক্ষণ উপকরণ বাবদ (২০ X ৬০ X ৩) | = ৩,৬০০/- টাকা |
| * স্টেশনারী (রেজিস্টার ফাইল) গুচ্ছগ্রাম প্রতি | = ২,০০০/- টাকা |
| * ৩০ পরিবারের / ৬০ সদস্যের প্রশিক্ষণে মোট ব্যয় | = ১,৬৯,১০০ টাকা |

**৩০ পরিবারের / ৬০ সদস্যের (২ ব্যাচে) প্রশিক্ষণের জন্য বরাদ্দ এবং ব্যয় এর হিসাব**

| | |
|---|---|
| * মোট বরাদ্দ | = ১,৭০,০০০/- টাকা |
| * মোট ব্যয় | = ১,৬৯,১০০/- টাকা |
| * অব্যয়ীত অর্থ (১,৭০,০০০-১,৬৯,১০০) | = ১,০০০/- টাকা |

**৪০ পরিবারের / ৮০ সদস্যের প্রশিক্ষণব্যয় এর বিভাজন**

| | |
|---|---|
| * ২ ব্যাচে ৮০ সদস্যের প্রশিক্ষণ ভাতা মোট | = ১,২৮,০০০/- টাকা |
| * ২ ব্যাচে প্রশিক্ষক ভাতা মোট | = ৪৮,০০০/- টাকা |
| * ৩ ধাপে কোর্স পরিচালক এর সম্মানী (১৫০০ X ৩) | = ৪,৫০০/- টাকা |
| * ৩ ধাপে কোর্স সমন্বয়কারীর সম্মানী (১০০০ X ৩) | = ৩,০০০/- টাকা |
| * প্রশিক্ষণার্থী রিফ্রেশমেন্ট বাবদ (২৫ X ৮০ X ৮) | = ১৬,০০০/-টাকা |
| * প্রশিক্ষণ উপকরণ বাবদ ( ২০ X ৮০ X ৩) | = ৪,৮০০/- টাকা |
| * স্টেশনারী (রেজিস্টার ফাইল) গুচ্ছগ্রাম প্রতি | = ২,০০০/- টাকা |
| * ৪০ পরিবার / ৮০ সদস্যের প্রশিক্ষণে মোট ব্যয় | = ২,০৬,৩০০/- টাকা |

**৪০ পরিবারের / ৮০ সদস্যের (২ ব্যাচে) প্রশিক্ষণের জন্য বরাদ্দ এবং ব্যয় এর হিসাব**

| | |
|---|---|
| * মোট বরাদ্দ | = ২,২৬,৮০০/- টাকা |
| * মোট ব্যয় | = ২,০৬,৩০০/- টাকা |
| * অব্যয়ীত অর্থ ( ২,২৬,৮০০-২,০৬,৩০০) | = ২০,৫০০/- টাকা |

**৫০ পরিবারের/১০০ সদস্যের প্রশিক্ষণব্যয় এর বিভাজন**

* ৫০ পরিবার/১০০ সদস্যের প্রশিক্ষণ ৩টি ব্যাচে হবে।
* প্রথম ২টি ব্যাচে ৩০ সদস্য করে ৬০ সদস্যের এবং ৩য় ব্যাচে ৪০ সদস্যের প্রশিক্ষণ হবে।

| | |
|---|---|
| * প্রথম ২ ব্যাচে ৬০ সদস্যের মোট প্রশিক্ষণ ব্যয় | = ১,৬৯,১০০/- টাকা |
| * ৩য় ব্যাচে ৪০ সদস্যের মোট প্রশিক্ষণ ব্যয় | = ৯৮,৪০০/- টাকা |
| * ৫০ পরিবার/১০০ সদস্যের মোট প্রশিক্ষণ ব্যয় | = ২,৬৭,৫০০/- টাকা |

**৫০ পরিবারের/১০০ সদস্যের (৩ ব্যাচে) প্রশিক্ষণের জন্য বরাদ্দ এবং ব্যয় এর হিসাব**

| | |
|---|---|
| * মোট বরাদ্দ | = ২,৮৩,৫০০/- টাকা |
| * মোট ব্যয় | = ২,৬৭,৫০০/-টাকা |
| * অব্যয়ীত অর্থ (২,৮৩,৫০০-২,৬৭,৫০০) | = ১৬,০০০/- টাকা |

**৫০ পরিবারের /১০০ সদস্যের ৩য় ব্যাচের ৪০ সদস্যের প্রশিক্ষণব্যয় এর হিসাব**

| | |
|---|---|
| * ৩য় ব্যাচে ৪০ সদস্যের প্রশিক্ষণার্থী ভাতা (৪০ X ২০০ X ৮) | = ৬৪,০০০/- টাকা |
| * ৪০ সদস্যের প্রশিক্ষক ভাতা (৬০০ X ৫ X ৮) | = ২৪,০০০/- টাকা |
| * প্রশিক্ষণার্থী রিফ্রেশমেন্ট বাবদ ( ২৫ X ৪০ X ৮) | = ৮,০০০/- টাকা |
| * প্রশিক্ষণ উপকরণ বাবদ (২০ X ৪০ X ৩) | = ২,৪০০/- টাকা |
| * ৫০ পরিবারের ৩য় ব্যাচে ৪০ সদস্যের মোট প্রশিক্ষণ ব্যয় | = ৯৮,৪০০/-টাকা |

## গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্পে বিআরডিবি কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন (ছক-১)

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলার নাম | গুচ্ছগ্রামের নাম | পুনর্বাসিত পরিবার সংখ্যা | প্রশিক্ষণ খাতে বরাদ্দকৃত মোট অর্থ (টাকা) | প্রশিক্ষণ (১ম ধাপ) | | | | | | | | | অব্যয়িত অর্থ (টাকা) (৬-১৫) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | প্রশিক্ষণপ্রাপ্ত মোট পরিবারের সংখ্যা | প্রশিক্ষণার্থীর সংখ্যা | | | প্রশিক্ষণ প্রদানের তারিখ | | প্রশিক্ষণের বিষয় | | প্রশিক্ষণ ব্যয় (টাকা) | |
| | | | | | | | পুরুষ | মহিলা | মোট | হতে | পর্যন্ত | সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ (কোড)* | দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ (কোড)** | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) | (১৪) | (১৫) | (১৬) |
| | | | | | | | | | | | | | | | |

| প্রশিক্ষণ (২য় ধাপ) | | | | | | | | | ১ম ও ২য় ধাপের মোট প্রশিক্ষণ ব্যয় (টাকা) (১৫+২৫) | ১ম ও ২য় ধাপের পর অব্যায়িত অর্থ (টাকা) (৬-২৬) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| প্রশিক্ষণপ্রাপ্ত মোট পরিবারের সংখ্যা | প্রশিক্ষণার্থীর সংখ্যা | | | প্রশিক্ষণ প্রদানের তারিখ | | প্রশিক্ষণের বিষয় | | প্রশিক্ষণ ব্যয় (টাকা) | | |
| | পুরুষ | মহিলা | মোট | হতে | পর্যন্ত | সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ (কোড)* | দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ (কোড)** | | | |
| (১৭) | (১৮) | (১৯) | (২০) | (২১) | (২২) | (২৩) | (২৪) | (২৫) | (২৬) | (২৭) |
| | | | | | | | | | | |

| প্রশিক্ষণ (৩য় ধাপ) | | | | | | | | | ১ম, ২য় ও ৩য় ধাপের মোট প্রশিক্ষণ ব্যয় (টাকা) (১৫+২৫+৩৬) | ১ম, ২য় ও ৩য় ধাপের পর মোট অব্যায়িত অর্থ (টাকা) (৬-৩৭) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| প্রশিক্ষণপ্রাপ্ত মোট পরিবারের সংখ্যা | প্রশিক্ষণার্থীর সংখ্যা | | | প্রশিক্ষণ প্রদানের তারিখ | | প্রশিক্ষণের বিষয় | | প্রশিক্ষণ ব্যয় (টাকা) | | |
| | পুরুষ | মহিলা | মোট | হতে | পর্যন্ত | সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ (কোড)* | দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ (কোড)** | | | |
| (২৮) | (২৯) | (৩০) | (৩১) | (৩২) | (৩৩) | (৩৪) | (৩৫) | (৩৬) | (৩৭) | (৩৮) |
| | | | | | | | | | | |

**নাম ও পদবীসহ স্বাক্ষর**

বি:দ্র: প্রতি পর্যায়ে প্রশিক্ষণ সমাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে প্রতিবেদন অবশ্যই প্রেরণ করতে হবে। তাছাড়া প্রতি ৩ (তিন) মাস অন্তর অন্তর প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করবেন। ইউআরডিওগণ বিআরডিবি'র সদর দপ্তরের সাথে গুচ্ছগ্রাম-২য় পর্যায় সদর দপ্তর (পিএমইউ) এ সরাসরি প্রতিবেদন প্রেরণ করবেন। ১ম পর্যায়ের ক্ষেত্রে ২য় ও ৩য় ধাপের প্রযোজ্য নহে লিখতে হবে, ২য় ধাপের ক্ষেত্রে ১ম ও ২য় পর্যায় পূরণ করতে হবে এবং ৩য় পর্যায় প্রযোজ্য নহে লিখতে হবে। ৩য় ধাপের ক্ষেত্রে ১ম, ২য় ও ৩য় ধাপ সম্পূর্ণ ছক পূরণ করতে হবে।

*সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের নাম ও কোড: পরিবার পরিকল্পনা-১, ব্যক্তিগত ও পারিপার্শ্বিক পরিচ্ছন্নতা-২, স্বাস্থ্য এবং পুষ্টিজ্ঞান-৩, শিশু ও বয়স্ক শিক্ষা-৪, দুর্যোগ ব্যবস্থাপনা-৫, নেতৃত্ব ও কম্যুনিটি উন্নয়ন-৬, নারীর ক্ষমতায়ন-৭ এবং অন্যান্য-৮ (উল্লেখ করুন)।

** আয়বর্ধনমূলক কাজে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের নাম ও কোড: হস্তশিল্প-১, ক্ষুদ্র ব্যবসা-২, গরু ছাগল লালন পালন-৩, হাস মুরগী পালন-৪, মৎস্য চাষ-৫, মৌ চাষ-৬, নার্সারী, ফলমূল ও সবজী চাষ-৭, বনায়ন-৮, দর্জি বিদ্যা-৯ এবং অন্যান্য-১০ (উল্লেখ করুন)।

# খাতওয়ারী প্রশিক্ষণ ব্যয়ের হিসাব (ছক-২)

গুচ্ছগ্রামের নাম: উপজেলা: জেলা:

| ব্যয়ের খাত | ১ম ধাপে ব্যয় (টাকা) | ২য় ধাপে ব্যয় (টাকা) | ৩য় ধাপে ব্যয় (টাকা) | সর্বমোট ব্যয় (১ম+২য়+৩য়) টাকা | মোট বরাদ্দকৃত অর্থ (টাকা) | মোট অব্যয়িত অর্থ (টাকা) (৬-৫) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| প্রশিক্ষনার্থীর ভাতা | | | | | | |
| প্রশিক্ষকের সম্মানী ভাতা | | | | | | |
| কোর্স পরিচালকের ভাতা | | | | | | |
| কোর্স সমন্বয়কারীর ভাতা | | | | | | |
| উপকরণ ও অন্যান্য খরচ | | | | | | |
| রিফ্রেশমেন্ট ভাতা | | | | | | |
| অন্যান্য (রেজিস্টার ফাইল) | | | | | | |
| মোট | | | | | | |

গুচ্ছগ্রামের নাম:

| ব্যয়ের খাত | ১ম ধাপে ব্যয় (টাকা) | ২য় ধাপে ব্যয় (টাকা) | ৩য় ধাপে ব্যয় (টাকা) | সর্বমোট ব্যয় (১ম+২য়+৩য়) টাকা | মোট বরাদ্দকৃত অর্থ (টাকা) | মোট অব্যয়িত অর্থ (টাকা) (৬-৫) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| প্রশিক্ষনার্থীর ভাতা | | | | | | |
| প্রশিক্ষকের সম্মানী ভাতা | | | | | | |
| কোর্স পরিচালকের ভাতা | | | | | | |
| কোর্স সমন্বয়কারীর ভাতা | | | | | | |
| উপকরণ ও অন্যান্য খরচ | | | | | | |
| রিফ্রেশমেন্ট ভাতা | | | | | | |
| অন্যান্য (রেজিস্টার ফাইল) | | | | | | |
| মোট | | | | | | |

**নাম ও পদবীসহ স্বাক্ষর ও সীল**

বি:দ্র: ছক-১ এর সাথে ছক-২ ও যথাযথভাবে পূরণ করে ইউআরডিওগণ বিআরডিবি'র সদর দপ্তরের সাথে গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্পের প্রধান কার্যালয়, ৩/এ, নীলক্ষেত, বাবুপুরা, ঢাকা-১২০৫ এ সরাসরি প্রেরণ করবেন।